

৫ ঘণ্টা পর তিন বিভাগের রেল যোগাযোগ স্বাভাবিক

- A Monitor Desk Report

Date: 06 September, 2021



সিরাজগঞ্জের উল্লাপাড়ার মোহনপুর রেলস্টেশনের কাছে তেলবাহী ট্রেনের ইঞ্জিন বিকল হয়ে পড়ার পাঁচ ঘণ্টা পর ঢাকার সঙ্গে রাজশাহী, রংপুর ও খুলনার রেল যোগাযোগ স্বাভাবিক হয়েছে। সোমবার সকাল ৯টার দিকে এ রুটে ট্রেন চলাচল স্বাভাবিক হয়।

উল্লাপাড়া রেলস্টেশনের মাস্টার রফিকুল ইসলাম জানান, সোমবার ভোর ৪টার দিকে মোহনপুর রেলস্টেশনের কাছে 'এনজি ডিসি ব্লক ঢাকা' নামে তেলবাহী ট্রেনটির ইঞ্জিন বিকল হয়ে পড়ে। দিনাজপুর থেকে ছেড়ে আসা ট্রেনটি চট্টগ্রামের দিকে যাচ্ছিল। ইঞ্জিন বিকল হয়ে পড়ায় প্রায় পাঁচ ঘণ্টা ঢাকার সঙ্গে রাজশাহী, রংপুর ও খুলনার রেল যোগাযোগ বন্ধ থাকে।

তিনি আরো জানান, বঙ্গবন্ধু সেতু পশ্চিম রেলস্টেশন থেকে লাইট ইঞ্জিন এনে তেলবাহী ট্রেনটি উদ্ধার করা হয়েছে। এরপরই নিয়মিত ট্রেন চলাচলের জন্য খুলে দেওয়া হয় এই রুট। ট্রেনটি উদ্ধার করে উল্লাপাড়ায় নেয়া হয়েছে। সান্তাহার স্টেশন থেকে একটি লাইট ইঞ্জিন এসে ট্রেনটিকে নিয়ে যাবে।